

স্মারক নং- ৩৮.০১.০০০০.৯০০.১৬.৩০৮.১৩/৩৩৯০

তারিখ : ০১/০৩/২০১৭

বিষয় : সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভৌত অবকাঠামো সংক্রান্ত তথ্য ও শিক্ষক তথ্য অনলাইনে হালনাগাদ করণ প্রসঙ্গে।

উপরি উক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জুন ২০১৬ মাসে ৭টি বিভাগীয় কার্যালয়ে ই-প্রাইমারী সিস্টেম(E-Primary) এর উপর সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, জেলার কম্পিউটার অপারেটর সমন্বয়ে ওয়ার্কশপ সম্পন্ন করা হয়েছে। উক্ত ওয়ার্কশপের মাধ্যমে ই-প্রাইমারী সিস্টেম এর এন্ট্রিকৃত বিদ্যালয় ও শিক্ষক সম্পর্কিত তথ্য সম্পর্কে সম্যক ধারণা দেয়া হয়েছে এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসারদের User ID ও Password দেওয়া হয়েছে। অথচ ই-প্রাইমারী সিস্টেম এ প্রয়োজনীয় তথ্যাদি হালনাগাদ না করায় এ সিস্টেম থেকে কাঙ্ক্ষিত ফল লাভ করা সম্ভব হচ্ছে না। ইতোপূর্বে এ অফিসের ২৫ জুলাই ২০১৬ তারিখের ৩৮.১৭১.০৪৫.০১.০২.৩৩৩.২০১৫/৩০৭৬ নম্বর স্মারকের তথ্য হালনাগাদ করার নির্দেশনা দেয়া হলেও অদ্যাবধি সকল বিদ্যালয় ও শিক্ষকদের তথ্য হালনাগাদ করা হয়নি, যা কোন ভাবেই কাম্য নয়। উপজেলা শিক্ষা অফিসারগণকে আগামী ৩১/০৩/২০১৭ তারিখের মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে অভ্যন্তরীণ ই-সেবা মডিউলের ই-প্রাইমারী সিস্টেম এর মাধ্যমে সকল পুরাতন সরকারি ও সদ্য জাতীয়করণকৃত প্রাথমিক বিদ্যালয়ের যাবতীয় তথ্যাবলী (স্কুলের মৌলিক তথ্য, ভূমি, ভবন, রুম, আসবাবপত্র, নিরাপদ পানীয় সুবিধা, টয়লেট সুবিধা, আইসিটি শিক্ষক ও অন্যান্য সুবিধাদির তথ্য) ও শিক্ষকদের ব্যক্তিগত সকল তথ্য বিনা ব্যর্থতায় সঠিকভাবে হালনাগাদ করনের নির্দেশ প্রদান করা হলো।

২। ই-প্রাইমারী সিস্টেম এ তথ্যাদি হালনাগাদ করার নিম্নোক্ত নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করতে হবে:

ক) নির্দিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ তাঁর নিজ দায়িত্বে বিদ্যালয়ের ভৌত তথ্যাবলি ও শিক্ষকগণের ব্যক্তিগত তথ্যাবলি এন্ট্রি নিশ্চিত করবেন।

খ) আন্তঃবিভাগীয় বদলীর ক্ষেত্রে সকল বিভাগীয় অফিস তাঁদের User ID ও Password এর মাধ্যমে ই-প্রাইমারী সিস্টেমে লগইন করে ৩১ মার্চের মধ্যে বদলীকৃত সকল শিক্ষককে বদলীকৃত বিদ্যালয়ে পদায়ন নিশ্চিত করবেন।

গ) আন্তঃজেলা বদলীর ক্ষেত্রে সকল জেলা প্রাথমিক শিক্ষা অফিস তাঁদের User ID ও Password এর মাধ্যমে ই-প্রাইমারী সিস্টেমে লগইন করে ৩১ মার্চের মধ্যে বদলীকৃত সকল শিক্ষককে বদলীকৃত বিদ্যালয়ে পদায়ন নিশ্চিত করবেন।

ঘ) আন্তঃউপজেলা বদলীর ক্ষেত্রে সকল উপজেলা শিক্ষা অফিস তাঁদের User ID ও Password এর মাধ্যমে ই-প্রাইমারী সিস্টেমে লগইন করে ৩১ মার্চের মধ্যে বদলীকৃত সকল শিক্ষককে বদলীকৃত বিদ্যালয়ে পদায়ন নিশ্চিত করবেন।

ঙ) বিভাগ বদলীর ক্ষেত্রে সংশ্লিষ্ট পদায়িত বিভাগীয় অফিস অধিদপ্তরের আইএমডি বিভাগকে পদায়িত শিক্ষকদের তথ্য দিয়ে সহায়তা করবেন। আইএমডি ই-প্রাইমারী স্কুল সিস্টেমে তাঁর পদায়ন নিশ্চিত করবে।

চ) সদ্য যোগদানকৃত শিক্ষকগণ তাঁদের যাবতীয় তথ্য নির্দিষ্ট বিদ্যালয়ের বিপরীতে এন্ট্রি নিশ্চিত করবেন।

৩। ই-প্রাইমারী সিস্টেম এ তথ্য এন্ট্রি সংক্রান্ত কোন সমস্যা সমাধানের জন্য উপরে বর্ণিত ই-প্রাইমারী সিস্টেম এর নির্দেশিকাটি ডাউনলোড করে বিস্তারিত জানার জন্য এবং কোন টেকনিক্যাল সমস্যা সমাধানের জন্য অধিদপ্তরের ইনফরমেশন ম্যানেজমেন্ট ডিভিশনে ই-মেইলে (onlineapsc2015@gmail.com) যোগাযোগ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

৪। বিষয়টি অতীব জরুরী।

  
২৬/৩/১৭  
(সুলতান মাহমুদ)

অতিরিক্ত মহাপরিচালক

টেলিফোনঃ ৮৮-০২-৫৫০৭৪৯৬৮ (পিএ)

ই-মেইলঃ adgdpe@gmail.com

বিতরণঃ(কার্যার্থে)ঃ

- ১। উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/রংপুর)  
(যথা সময়ে পদায়ন নিশ্চিত করা এবং মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকলকে অবহিত করা ও যথা সময়ে কার্য সম্পাদনের নির্দেশ প্রদানের অনুরোধসহ)
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)  
(যথা সময়ে পদায়ন নিশ্চিত করা, মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকলকে অবহিত করা ও যথা সময়ে কার্য সম্পাদনের নির্দেশ প্রদান এবং সকল উপজেলা শিক্ষা অফিসারগণকে User ID ও Password প্রদান করবেন।)
- ৩। উপজেলা শিক্ষা অফিসার (সকল)

অবগতির জন্যঃ

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৪। সংরক্ষণ নথি।